

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ১৫, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

সংশোধিত প্রজ্ঞাপন

তারিখ : ০৭ জুলাই ২০১৯/২৩ আষাঢ় ১৪২৬

নং ৩৫.০০.০০০০.০২০.২২.০০১.১৫-৩৭৪—সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ৩৫.০০.০০০০.০২০.২২.০০১.১৫-৫২৫ সংখ্যক প্রজ্ঞাপনে জারীকৃত এবং ০২ অক্টোবর ২০১৮ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় “বিআরটিএ’র কর্মকর্তা/কর্মচারীদের বদলি ও পদায়ন গাইডলাইন” শিরোনামে প্রকাশিত, অতঃপর উক্ত গাইডলাইন বলে অভিহিত, এর সংশোধন—

(ক) অনুচ্ছেদ-২: “সাধারণত একজন কর্মকর্তা/কর্মচারী কোনো সার্কেল বা অফিসে চাকরিকাল বা মেয়াদ হবে একাধারে ০৩ (তিন) বছর। তবে পার্বত্য অঞ্চলে কোনো সার্কেলের চাকরিকাল হবে ০২ (দুই) বছর” এর পরিবর্তে নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে :

“একই ক্যাটাগরীভুক্ত সার্কেল বা অফিসে একজন কর্মকর্তা/কর্মচারীর একাধারে চাকরিকাল হবে ০৩ (তিন) বছর। তবে পার্বত্য অঞ্চলে কোনো সার্কেলে চাকরিকাল হবে ০২ (দুই) বছর” প্রতিস্থাপন হইবে।

(খ) অনুচ্ছেদ-৪: “অনুচ্ছেদ- ২ ও ৩ এ যাই থাকুক না কেন যৌক্তিক প্রয়োজনে বিআরটিএ’র সুপারিশের প্রেক্ষিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের পূর্বানুমতি গ্রহণ করে কোনো কর্মকর্তা/কর্মচারীকে অনুচ্ছেদ-৩ এ বর্ণিত ক্যাটাগরি চক্রের বাইরে পদায়ন করা যাবে” এর পরিবর্তে নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে :

(১৯৮১৭)

মূল্য : টাকা ৪.০০

“অনুচ্ছেদ-২ এ বর্ণিত চাকরিকাল অতিক্রান্ত হওয়ার পর বদলি ও পদায়নের ক্ষেত্রে ‘ক’ থেকে ‘ঘ’ এ বদলীতে সমস্যা হলে ‘গ’তে বদলী করা যাবে। ‘গ’ তে সমস্যা হলে ‘খ’ তে বদলী করা যাবে। একইভাবে ‘ঘ’ হতে ‘ক’তে বদলীতে সমস্যা হলে সেক্ষেত্রে ‘খ’ তে বদলী করা যাবে। আবার ‘খ’ তে সমস্যা হলে ‘গ’ তে বদলী করার বিকল্প চক্র অনুসরণ করতে হবে। কোনোভাবেই ‘ক’ হতে ‘ক’ তে বদলী করা যাবে না। তবে, সহকারী রাজস্ব কর্মকর্তা ও রেকর্ড কিপারসহ যে সকল পদ সকল সার্কেল/অফিসে নেই সেক্ষেত্রে অনুচ্ছেদ-৩ এ বর্ণিত চক্রাকার বদলী শিথিলযোগ্য; কোনো অবস্থাতেই একই কর্মস্থলে একাধারে ০৩ (তিন) বছরের অধিক সময় কর্মরত রাখা যাবে না”।

০২। বিআরটিএ’র কর্মকর্তা/কর্মচারীদের বদলী ও পদায়ন গাইডলাইন, ২০১৮ এর অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ লিয়াকত আলী
সহকারী সচিব।